

💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের মৌলিক নীতিমালা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

বিদ'আতের মৌলিক নীতিমালা

বিদ'আতের তিনটি মৌলিক নীতিমালা রয়েছে। সেগুলো হলো:

- ১. এমন 'আমলের মাধ্যমে আল্লাহর নিকট সাওয়াবের আশা করা যা শরী'আত সিদ্ধ নয়। কেননা শরী'আতের স্বতঃসিদ্ধ নিয়ম হলো: এমন আমল দ্বারা আল্লাহর নিকট সাওয়াবের আশা করতে হবে যা কুরআনে আল্লাহ নিজে কিংবা সহীহ হাদীসে তাঁর রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম অনুমোদন করেছেন। তাহলেই কাজটি ইবাদাত বলে গণ্য হবে। পক্ষান্তরে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম যে আমল অনুমোদন করেননি সে আমলের মাধ্যমে আল্লাহর ইবাদাত করা হবে বিদ'আত।
- ২. দীনের অনুমোদিত ব্যবস্থা ও পদ্ধতির বাইরে অন্য ব্যবস্থার অনুসরণ ও স্বীকৃতি প্রদান। ইসলামে একথা স্বতঃসিদ্ধ যে, শরী'আতের বেঁধে দেওয়া পদ্ধতি ও বিধানের মধ্যে থাকা ওয়াজিব। যে ব্যক্তি ইসলামী শরী'আত ব্যতীত অন্য বিধান ও পদ্ধতি অনুসরণ করল ও তার প্রতি আনুগত্যের স্বীকৃতি প্রদান করল সে বিদ'আতে লিপ্ত হল।
- ৩. যে সকল কর্মকাণ্ড সরাসরি বিদ'আত না হলেও বিদ'আতের দিকে পরিচালিত করে এবং পরিশেষে মানুষকে বিদ'আতে লিপ্ত করে, সেগুলোর হুকুম বিদ'আতেরই অনুরূপ।

জেনে রাখা ভালো যে, 'সুন্নাত'-এর অর্থ বুঝতে ভুল হলে বিদ'আত চিহ্নিত করতেও ভুল হবে। এদিকে ইঙ্গিত করে ইমাম ইবন তাইমিয়া রহ. বলেন, "সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো সুন্নাতকে বিদ'আত থেকে পৃথক করা। কেননা সুন্নাত হচ্ছে ঐ বিষয়, শরী'আত প্রণেতা যার নির্দেশ প্রদান করেছেন। আর বিদ'আত হচ্ছে ঐ বিষয় যা শরী'আত প্রণেতা দীনের অন্তর্ভুক্ত বলে অনুমোদন করেননি। এ বিষয়ে মানুষ মৌলিক ও অমৌলিক অনেক ক্ষেত্রে প্রচুর বিভ্রান্তির বেড়াজালে নিমজ্জিত হয়েছে। কেননা প্রত্যেক দলই ধারণা করে যে, তাদের অনুসৃত পন্থাই হলো সুন্নাত এবং তাদের বিরোধীদের পথ হলো বিদ'আত।"[1]বিদ'আতের উল্লিখিত তিনটি প্রধান মৌলিক নীতিমালার আলোকে বিদ'আতকে চিহ্নিত করার জন্য আরো বেশ কিছু সাধারণ নীতিমালা শরী'আত বিশেষজ্ঞ আলিমগণ নির্ধারণ করে দিয়েছেন, যার দ্বারা একজন সাধারণ মানুষ সহজেই কুরআন ও বিশুদ্ধ হাদীসের ভিত্তিতে বিদ'আতের পরিচয় লাভ করতে পারে ও সমাজে প্রচলিত বিদ'আতসমূহকে চিহ্নিত করতে পারে। কেননা প্রত্যেক ব্যক্তির ওপর ওয়াজিব হলো শরী'আতের দৃষ্টিতে যা বিদ'আত তা পুঙ্খানুপুঙ্খেরূপে জেনে নেওয়া ও তা থেকে পুরোপুরি বেঁচে থাকা। নিচে উদাহরণ স্বরূপ কিছু দৃষ্টান্তসহ আমরা অতীব গুরুত্বপূর্ণ কতিপয় নীতিমালা উল্লেখ করিছি।

>



[1] আল-ইস্তিকামাহ, আয়াত: ১/১৩

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9906

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন